

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, নোয়াখালী
বাহার মঞ্জিল, হোল্ডি নং-০২১৬-০১
লক্ষ্মীনারায়ণপুর, মাইজদী কোর্ট, নোয়াখালী।
www.dnc.noakhali.gov.bd

নং-৪৪.০৪.৭৫০০.১১১.০৭.০০৫.১৯- ১৫

তারিখ-১২/০১/২০২২ খ্রিঃ

প্রতি

স্বত্বাধিকারী

.....
..... ।

বিষয় : আসবাবপত্র ক্রয় ও সরবরাহের দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি।


মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ২৫/১১/২০২১ খ্রিঃ তারিখে ৪৬৪৮ নং স্মারকে প্রেরিত বাজেট বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক চলতি ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় নোয়াখালী জেলা কার্যালয়ের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহের জন্য “দরপত্র/কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন”(RFQ) পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র/কোটেশন আহবান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক পূরণপূর্বক নিজস্ব প্যাডে আগামী ১৮/০১/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১০.৩০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী বরাবর সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন/দরপত্র দাখিল করতে হবে।

ক্র:নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	অফিস ওয়ার্কস্টেশন (প্রতিটি ডেস্ক ৪/২ আকৃতি) লেমিনেটেড বোর্ড, ফেব্রিক ও গ্লাস দ্বারা পার্টিশনসহ ফিটিং	২+২+২+৬+৬ = ১৮ জনের জন্য		

শর্তাবলী :

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্র ও আর্থিক স্বচ্ছলতার সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৪. অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ১৮/০১/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১০.৩০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালীতে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতে কোন দরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১১.০০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডারবাক্স খোলা হবে।

৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৮. সরবরাহকৃত আসবাবপত্রে এ কোন ত্রুটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র মূল্যায়ন কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন বা সংশোধন করে দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।
৯. প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে সিডিউল মোতাবেক আসবাবপত্র সরবরাহ ও স্থাপন করে নিম্নস্বাক্ষরকারীর নিকট বিল দাখিল করতে হবে। বিধি মোতাবেক উৎসে মুসক এবং আয়কর কর্তনপূর্বক বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুণ পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।



(মোঃ নজরুল ইসলাম)

পরিদর্শক ও সদস্য সচিব

দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি

মোবাইল নং-০১৮২০১৫৮৯৬৫

ই-মেইল: noakhaldnc@gmail.com

বিতরণ :

- ১। ওয়েব পোর্টাল/নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
- ২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
- ৩। নোটিশ বোর্ড, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী।
- ৪। নোটিশ বোর্ড, সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী।
- ৫। নোটিশ বোর্ড,